

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

নথি নং ২(৫) শুল্ক : রপ্তানী ও বন্ড / ৯৬ (অংশ-১)/

তারিখ : ১০-০১-২০০১।

অফিস স্মারক

বিষয়: ঢাকা ইপিজেড হতে ডমেষ্টিক ট্যারিফ এলাকায় (ডিটিএ) ব্যবহারের অযোগ্য মেশিনারিজ স্ক্র্যাপ হিসাবে শুল্কমুক্তভাবে বিক্রয় করার অনুমতি প্রদান প্রসংগে।

সূত্র : ১। মেসার্স গোরিয়ং (বিডি) টেক্সটাইল লি:-এর পত্র নং নেই, তারিখ ২৯-১০-২০০০।

২। মেসার্স সাউথ চায়না ব্লেসিং এন্ড ডায়িং ফ্যাক্টরী লি:-এর পত্র নং নেই, তাং ২৯-১০-২০০০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মেসার্স গোরিয়ং (বিডি) টেক্সটাইল লি: এবং মেসার্স সাউথ চায়না ব্লেসিং এন্ড ডায়িং ফ্যাক্টরী লি: নামক প্রতিষ্ঠানদ্বয় ইপিজেড, ঢাকায় অবস্থিত শিল্পে ব্যবহারের জন্য যন্ত্রপাতি হিসাবে যথাক্রমে-উইভিং লুম ও জিগার মেশিন ও যন্ত্রাংশ আমদানি করেছেন। কিন্তু আমদানির পর ব্যবহারের / ব্যবহারান্তে অযোগ্য বিবেচিত হওয়ায় এফনে তাঁরা সেগুলো / যেগুলো কোন কোন যন্ত্রাংশ স্ক্র্যাপ হিসাবে বিক্রি করতে চাইছেন। সংশ্লিষ্ট বন্ড নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (আলোচ্য ক্ষেত্রে ঢাকা (উত্তর) কমিশনারেট কর্তৃপক্ষ) হিসাবে সরেজমিনে পরীক্ষা করে এসব মালামাল ব্যবহারযোগ্য যন্ত্রপাতি হিসাবে না পেয়ে স্ক্র্যাপ হিসাবে পাওয়া সাপেক্ষে নিম্নোক্ত শর্তে বিক্রির অনুমতি দিতে জাতীয় রাজস্ব বোর্ড সম্মত হয়েছে:

- (ক) যেসব শুল্ক স্টেশনের মাধ্যমে এসব মালামাল আমদানি করা হয়েছিল, সে কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে।
- (খ) সংশ্লিষ্ট লগ্নিকারী ব্যাংকের অনাপত্তি পত্র নিতে হবে।
- (গ) একেজো যন্ত্রপাতি পুরাতন স্ক্র্যাপ হিসাবে বিক্রির লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের অনাপত্তি পত্র নিতে হবে;
- (ঘ) ইপিজেড অথরিটি-এর অনাপত্তি পত্র নিতে হবে।
- (ঙ) উপর্যুক্ত সকল অনাপত্তি পত্রসহ বন্ড নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (ঢাকা উত্তর কমিশনারেট কর্তৃপক্ষ) এর নিকট আবেদন করতে হবে। উক্ত আবেদন প্রাপ্তির পর উক্ত কর্তৃপক্ষ সরেজমিনে মালামাল পরীক্ষা করে স্ক্র্যাপ হিসাবে পেয়ে যথাযথ এইচ, এস কোড-এ বিন্যাস করে স্ক্র্যাপ হিসাবে শুল্কায়ন করবেন এবং আবেদনকারী হতে প্রযোজ্য শুল্ক ও করাদি আদায় করে খালাস নিবেন। খালাসান্তে সংশ্লিষ্ট আমদানি শুল্ক স্টেশন কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিত করবেন যাতে- তাঁরা তাঁদের রেকর্ডস সেভাবে হালনাগাদ করে রাখতে পারেন।

স্বাক্ষরিত/-

(মো: মুজিবুর রহমান)

দ্বিতীয় সচিব (শুল্ক : রপ্তানী ও বন্ড)